# বঙ্গবন্ধুর ৪৩তম শাহাদাৎ দিবস উপলক্ষে রচিত শ্রদ্ধাঞ্জলী

জাগরণী

জাগো ! জাগো পুরবাসী
কানপেতে শোনো বজ্রকণ্ঠ,
আঁখি মেলে দেখো
নবীন প্রাণের জাগরমন্ত্রের
সুরের ধ্বনি
জয়ের ধ্বনি
দোলায় দোলায় নাচিছে মন।

আমরা নিত্য, আমরা নুতন
চির সবুজ, সপ্তবর্ণা
দেখ্‌ছি মোরা রঙের মেলা
নাগর দোলায়
তরঙ্গে তরঙ্গে
উথলি উঠেছে প্রাণ।

ভাই-বন্ধু, জগৎজনা !
এসো, এসো হেথা
জাগ্রত নয়নে-দেখো !
আজি বঙ্গপিতার
চিরঞ্জীব আত্মা ;
উত্তাল পবনে সৃজনে মত্ত ;
বরষণে পুষ্পবৃষ্টি
গ্রাম গঞ্জ নদী-সায়রে
বারোমাসী শষ্যশ্যামল
আর, প্রাণীকুল তরে।

বঙ্গবন্ধু !
তুমি সনাতন, তুমি শাশ্বত।
তোমার আলোয়
উষালগ্নে মোরা অরুনিমা !
গোধূলীতে ফিরি
তোমাস্মৃতি নিয়ে
সুরে ছন্দে বিহঙ্গ মাতঙ্গে,
জগৎ জুড়ে ওড়াই মোরা
লাল-সবুজের কেতন।
তুমি আমাদের বিজয় নিশান,
তোমার বাণী
আজি দিক দিগন্তে্ড়
বিশ্ব-মাতৃকণ্ঠে,
তুমি তারুণ্যের শুকতারা,
শুধাই তোমারে
সাম্যের জয়ধ্বনি।।

বন্ধুবর ! স্বজন-সুধীজন !
আজি এ-বিরহী মেলায়
প্রতিজ্ঞা মোদের,
সৃজিব শক্তির অসি
শোকের অনলে,
মোরা হবো বীর বাঙ্গালী।
প্রমত্তা অনল দাহে সরাবো জঞ্জাল
জন্মাবে অতন্দ্র মুজিব
প্রজন্মে প্রজন্মে,
গাবে বজ্রকণ্ঠে
জয় বাংলা.....
জয় বঙ্গবন্ধু.....
জাতির পিতা !
তোমাকে বিনম্র শ্রদ্ধাঞ্জলি।

**Prof. Rakhal Chandra Dhar**
**Principal**
**Dewpoint School**

